আমাদেরসময়

তারিখ 19 JAN 2016
পৃষ্ঠা ১ ... ৩

পাবলিক বিশ্ববিদ্যালয়ে অচলাবস্থা

# প্রধানমন্ত্রীর সঙ্গে আলোচনায় আশ্বস্ত শিক্ষকরা

নিজস্ব প্রতিবেদক ●

সপ্তাহব্যাপী কর্মবিরতি চলাকালীন প্রধানমন্ত্রীর সঙ্গে আলোচনার পর আশ্বস্ত বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ফেডারেশনের নেতারা কর্মসূচি থেকে সরে আসার ইঙ্গিত দিয়েছেন। গতকাল সন্ধ্যায় গণভবনে সরকারপ্রধানের সঙ্গে বৈঠকের পর আন্দোলনকারী ফেডারেশনের সভাপতি অধ্যাপক ফরিদউদ্দিন আহমেদ সাংবাদিকদের বলেন, উনি (প্রধানমন্ত্রী) আমাদের আশ্বস্ত করেছেন। উনি বলেছেন, বিষয়টা দেখবেন। অর্থমন্ত্রী ও শিক্ষামন্ত্রী দেশে ফেরার পর এ বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়া হবে এরপর পৃষ্ঠা ১১, কলাম ৬

## প্রধানমন্ত্রীর সঙ্গে

(প্রথম পৃষ্ঠার পর) বলেও জানান প্রধানমন্ত্রী। আশ্বস্ত হলে কর্মবিরতি কর্মসূচি কী চলবে- জানতে চাইলে তিনি বলেন, এই বিষয়ে ফেডারেশন এবং বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতিগুলোর সঙ্গে আলোচনা করে সিদ্ধান্ত জানাবেন তারা। শিক্ষকরা কর্মবিরতি ছেড়ে ক্লাসে ফিরে যাওয়ার প্রতিশ্রুতি দিয়েছেন বলে প্রধানমন্ত্রীর প্রেস সচিব ইহসানুল করিম জানিয়েছেন।

এর মধ্যেই গতকাল বিকালে গণভবনে বিশিষ্টজনদের চা চক্র ও পিঠা উৎসবে শিক্ষকদেরও আমন্ত্রণ জানান শেখ হাসিনা। অনুষ্ঠানের ফাঁকে তাদের সঙ্গে বৈঠকে বসেন তিনি। বৈঠকে শিক্ষক সমিতি ফেডারেশনের সভাপতি অধ্যাপক ফরিদউদ্দিন, সাধারণ সম্পাদক এএসএম মাকসুদ কামালসহ ফেডারেশনের অন্য নেতারা উপস্থিত ছিলেন। মুখ্য সচিব আবুল কালাম আজাদ, জনপ্রশাসন সচিব কামাল আবদুল নাসের চৌধুরী, অর্থ সচিব মাহবুব আহমেদ বৈঠকে ছিলেন। এক ঘণ্টা ১০ মিনিটের বৈঠক শেষে প্রধানমন্ত্রীর প্রেস সচিব ইহসানুল করিম সাংবাদিকদের বলেন, বৈঠক ফলপ্রসূ হয়েছে।

প্রধানমন্ত্রী বলেছেন, তৃতীয় গ্রেড থেকে প্রথম গ্রেড পর্যন্ত পদোন্নতির সোপান তৈরি করা হবে। শিক্ষকরা বলেছেন, তারা ফোরামে আলোচনা করে যত দ্রুত সম্ভব ক্লাস শুরু করার ব্যবস্থা নেবেন।